উপসচিব (টপ)
20-07-25

SAS(dev)
HR 20/7/25

20/07/25

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সেতু বিভাগ
সেতু ভবন, বনানী, ঢাকা-১২১২
www.bridgesdivision.gov.bd

স্মারক নং ৫০.০০.০০০০.০০০.১০১.২৫.০০০৮.২৬.৩৮ তারিখঃ ০১ শ্রাবণ ১৪৩৩ / ১৬ জুলাই ২০২৬

বিষয়: সচিব, সেতু বিভাগ কর্তৃক পদ্মা সেতু ও পায়রা নদীর উপর নির্মাণাধীন সেতু নির্মাণ এলাকার পরিদর্শন প্রতিবেদন

জনাব মোহাম্মদ আবদুর রউফ, সচিব, সেতু বিভাগ গত ০৯-১০ জুলাই ২০২৬ তারিখে পদ্মা সেতু ও পায়রা নদীর উপর নির্মাণাধীন সেতু নির্মাণ এলাকার পরিদর্শন করেন। উক্ত পরিদর্শন প্রতিবেদন তাঁর সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ০৩ (তিন) পাতা

স্বাক্ষরিত/-
(মোহাম্মদ সাদ্দাম হোসেন খাঁন)
সচিবের একান্ত সচিব

মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা

স্মারক নং ৫০.০০.০০০০.০০০.১০১.২৫.০০০৮.২৬. তারিখঃ ০১ শ্রাবণ ১৪৩৩ / ১৬ জুলাই ২০২৬

অনুলিপি:

১। যুগ্মসচিব (পিএ্যান্ডডি), সেতু বিভাগ, সেতু ভবন, বনানী, ঢাকা
২। পরিচালক (পিএ্যান্ডডি/ওএ্যান্ডএম)/প্রধান প্রকৌশলী, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ, ঢাকা
৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫। প্রকল্প পরিচালক, পায়রা নদীর উপর সেতু নির্মাণ প্রকল্প, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ, ঢাকা
৬। অতিরিক্ত পরিচালক, পদ্মা সেতু সাইট অফিস, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ

১৬/৭/২৬
(মোহাম্মদ সাদ্দাম হোসেন খাঁন)
সচিবের একান্ত সচিব

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সেতু বিভাগ
সেতু ভবন, বনানী, ঢাকা-১২১২।

## পদ্মা সেতু ও পায়রা নদীর উপর নির্মাণাধীন সেতু নির্মাণ এলাকার পরিদর্শন প্রতিবেদন

| ক্রম | বিষয় | বিবরণ |
|---|---|---|
| ১। | পরিদর্শনের তারিখ | ০৯ ও ১০ জুলাই ২০২৬। |
| ২। | স্থানসমূহ | • পদ্মা সেতু সাইট অফিস (মুন্সিগঞ্জ-মাদারীপুর-শরীয়তপুর জেলা);<br>• নির্মাণাধীন পায়রা নদীর উপর সেতু নির্মাণ প্রকল্প (পটুয়াখালী জেলা); |
| ৩। | পরিদর্শনকারী কর্মকর্তাবৃন্দ | ১) জনাব মোহাম্মদ আবদুর রউফ, সচিব, সেতু বিভাগ ও নির্বাহী পরিচালক, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ।<br>২) জনাব আলতাফ হোসেন সেখ, অতিরিক্ত সচিব, পরিচালক (প্রশাসন) ও পরিচালক (অর্থ ও হিসাব) (অতিরিক্ত দায়িত্ব) এবং আহ্বায়ক, প্রকল্প মনিটরিং টিম, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ।<br>৩) জনাব মোঃ তোফাজ্জেল হোসেন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ ও প্রকল্প পরিচালক, পায়রা নদীর উপর সেতু নির্মাণ প্রকল্প।<br>৪) জনাব অনিন্দ্য সাহা অন্তু, সহকারী প্রকৌশলী, পায়রা নদীর উপর সেতু নির্মাণ প্রকল্প, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ। |
| ৪। | পরিদর্শনের উদ্দেশ্য | • পদ্মা সেতু এলাকায় চলমান বৃক্ষরোপণ কার্যক্রমের অগ্রগতি, নির্মাণাধীন বাস-বে এবং ইলেকট্রনিক টোল কালেকশন (ETC) সেবা এবং টোল ব্যবস্থাপনা কার্যক্রম পর্যবেক্ষণ;<br>• নির্মাণাধীন পায়রা নদীর উপর সেতু নির্মাণ প্রকল্পের নির্মাণ কার্যক্রম পরিদর্শন এবং সেতু নির্মাণ প্রকল্পের কর্মকর্তা, পরামর্শক প্রতিষ্ঠান ও ঠিকাদারি প্রতিষ্ঠানের কর্মকর্তাদের সাথে মতবিনিময় ও দিকনির্দেশনা প্রদান; |
| ৫। | প্রাপ্ত তথ্য ও পরিদর্শন পর্যালোচনা | **পদ্মা সেতু সাইট অফিসঃ**<br>০৯ জুলাই ২০২৬ তারিখে সচিব, সেতু বিভাগ ও নির্বাহী পরিচালক, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ জনাব মোহাম্মদ আবদুর রউফ পদ্মা সেতু সাইট অফিস পরিদর্শন করেন। পরিদর্শনকালে বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের পরিচালক (অর্থ ও হিসাব) ও অতিরিক্ত সচিব এবং বাসেকের প্রকল্প মনিটরিং টিমের আহ্বায়ক জনাব আলতাফ হোসেন সেখ, প্রকল্প পরিচালক, পদ্মা সেতু সাইট অফিসের অতিরিক্ত পরিচালকসহ বাসেকের অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। পরিদর্শনকালে সাইট অফিস হতে পদ্মা সেতু এলাকায় ২০২৬ সালের জন্য নির্ধারিত ১৫,০০০টি বৃক্ষরোপণের লক্ষ্যমাত্রার বিপরীতে ইতোমধ্যে ৭,৬২২টি বৃক্ষরোপণ সম্পন্ন হয়েছে এবং অবশিষ্ট বৃক্ষরোপণের কাজ চলমান রয়েছে মর্মে অবহিত করে। পাশাপাশি, নাগরিক সেবা সহজীকরণের উদ্দেশ্যে নির্মাণাধীন বাস-বে এর নির্মাণ কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া, দেশের যোগাযোগ অবকাঠামো উন্নয়ন, অর্থনৈতিক সমৃদ্ধি অর্জন এবং পরিবেশের সবুজায়নসহ উন্নত বাংলাদেশ গড়ার প্রত্যয়ে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক ইলেকট্রনিক টোল কালেকশন (ETC) সেবাকে Unified National ETC Framework (UNEF) সেবায় পরিণত করার কাজ চলমান রয়েছে। যা বাস্তবায়নে সেতু বিভাগ ও বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ সর্বদা প্রতিশ্রুতিবদ্ধ ও নিরলসভাবে কর্মরত পরিলক্ষিত হয়।<br>**নির্মাণাধীন পায়রা নদীর উপর সেতু নির্মাণ প্রকল্পঃ**<br>১০ জুলাই ২০২৬ তারিখে সচিব, সেতু বিভাগ ও নির্বাহী পরিচালক, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ পটুয়াখালী জেলার পায়রা নদীর উপর নির্মাণাধীন সেতুর নির্মাণ কার্যক্রম পরিদর্শন করেন। পরবর্তীতে, প্রকল্পের সাইট অফিসের সম্মেলন কক্ষে সেতু সচিব ও বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের নির্বাহী পরিচালকের সভাপতিত্বে প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা বিষয়ক এক সভা হয়। উক্ত সভায় বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের পরিচালক (অর্থ ও হিসাব) ও অতিরিক্ত সচিব এবং বাসেকের প্রকল্প মনিটরিং টিমের আহ্বায়ক জনাব আলতাফ হোসেন সেখ, প্রকল্প পরিচালক, উপ-প্রকল্প পরিচালক, প্রকল্প-সংশ্লিষ্ট কর্মকর্তা, পরামর্শক প্রতিষ্ঠানের প্রতিনিধি এবং ঠিকাদারী প্রতিষ্ঠানের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। সভায় সভাপতি প্রকল্পের সার্বিক অগ্রগতি, চলমান কার্যক্রম এবং ভবিষ্যৎ করণীয় বিষয়ে বিস্তারিত পর্যালোচনা করেন। এ সময় প্রকল্প-সংশ্লিষ্ট ঠিকাদারি প্রতিষ্ঠানের উত্থাপিত বিভিন্ন বিষয় পরামর্শক প্রতিষ্ঠানের প্রতিনিধিদের উপস্থিতিতে বিস্তারিতভাবে আলোচনা করা হয়। সভাপতি প্রকল্পের নির্মাণকাজ বন্ধ থাকার কারণ সম্পর্কে ঠিকাদার প্রতিষ্ঠানের প্রতিনিধির নিকট জানতে চান। জবাবে ঠিকাদার প্রতিষ্ঠানের প্রতিনিধি প্রকল্পের ভ্যারিয়েশন অনুমোদন না হওয়া এবং ঠিকাদারি প্রতিষ্ঠানের আর্থিক সংকটকে নির্মাণকাজ বন্ধ থাকার |

| ক্রম | বিষয় | বিবরণ |
|---|---|---|
| | | কারণ হিসেবে উল্লেখ করেন। এ পরিপ্রেক্ষিতে প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের ভ্যারিয়েশন অনুমোদনের সুযোগ নেই এবং চুক্তি অনুযায়ী ভ্যারিয়েশনের অজুহাতে প্রকল্পের নির্মাণকাজ বন্ধ রাখার কোনো সুযোগ নেই। তিনি ঠিকাদার প্রতিষ্ঠানকে অবিলম্বে নির্মাণকাজ পুনরায় শুরু করার প্রয়োজনীয়তা তুলে ধরেন। অতিরিক্ত সচিব, পরিচালক (প্রশাসন) ও পরিচালক (অর্থ ও হিসাব) (অতিরিক্ত দায়িত্ব) এবং আহ্বায়ক, প্রকল্প মনিটরিং টিম, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ উল্লেখ করেন যে, চুক্তি কার্যকর হওয়ার পর দীর্ঘ প্রায় চার বছর অতিবাহিত হলেও ঠিকাদার প্রতিষ্ঠানের কাজের অগ্রগতি অত্যন্ত হতাশাজনক। তিনি প্রকল্প বাস্তবায়নের প্রধান প্রতিবন্ধকতাগুলো দ্রুত নিরসনের লক্ষ্যে যথাযথ সিদ্ধান্ত গ্রহণের জন্য ঠিকাদারী প্রতিষ্ঠানের প্রতিনিধিকে অনুরোধ করেন। এ সময় ঠিকাদারী প্রতিষ্ঠানের প্রতিনিধি অতি দ্রুত বন্ধ থাকা নির্মাণকাজ পুনরায় শুরু করার বিষয়ে সভাকে আশ্বস্ত করেন। সভাপতি প্রকল্পের বন্ধ থাকা নির্মাণকাজ অবিলম্বে পুনরায় শুরু করার নির্দেশনা প্রদান করেন। অন্যথায়, চুক্তির শর্তাবলি অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ, প্রয়োজনে চুক্তি বাতিলের কার্যক্রম গ্রহণের উপর গুরুত্বারোপ করেন। পাশাপাশি তিনি সংশ্লিষ্ট সকল পক্ষকে পারস্পরিক সমন্বয়ের মাধ্যমে প্রকল্পের কার্যক্রম দ্রুত এগিয়ে নেওয়ার ওপর গুরুত্বারোপ করেন।<br><br>পরবর্তীতে, প্রকল্প এলাকায় নারিকেল বৃক্ষ রোপণ করা হয় এবং পরিদর্শনকালে পাওয়া যায় যে, প্রকল্পের আওতায় ২০২৬ সালে নির্ধারিত ১,০০০টি বৃক্ষ রোপণের কার্যক্রম চলমান রয়েছে। |
| ৬। | সুপারিশ | উপর্যুক্ত পরিদর্শন, প্রাপ্ত তথ্য ও সার্বিক মূল্যায়নের আলোকে নিম্নোক্ত সুপারিশ প্রদান করা হলোঃ<br><br>১) গঙ্গা সেতু'র টোল আদায় ব্যবস্থাকে আরও স্বচ্ছ, আধুনিক ও জনবান্ধব করতে ইলেকট্রনিক টোল ব্যবস্থাকে সর্বজনীন Unified National ETC Framework (UNEF) সেবায় পরিণত করতে হবে। একইসাথে অবকাঠামো উন্নয়নের পাশাপাশি পরিবেশের ভারসাম্য রক্ষার্থে মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত বৃক্ষরোপণ কর্মসূচি অব্যাহত রাখতে হবে এবং পরিচর্যা নিশ্চিত করতে হবে।<br><br>২) নির্মাণাধীন পায়রা নদীর উপর সেতু নির্মাণ প্রকল্পে ঠিকাদার কর্তৃক প্রকল্পের বন্ধ থাকা নির্মাণকাজ অবিলম্বে পুনরায় শুরু করতে হবে, অন্যথায় চুক্তির শর্তাবলি অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং প্রয়োজনে চুক্তি বাতিলের কার্যক্রম গ্রহণ করা যেতে পারে। এছাড়া, মূল সেতুর ডিজাইন দ্রুত চূড়ান্ত করতঃ হালনাগাদকৃত Work Program অনুযায়ী নির্মাণকাজ দ্রুত বাস্তবায়ন ও সম্পন্ন করতে হবে। |


১৫.০৭.২০২৬

মোহাম্মদ আবদুর রউফ
সচিব
সেতু বিভাগ
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়।




CamScanner

## পরিদর্শনের চিত্র



চিত্র-১: পদ্মা সেতু সাইটে টোল আদায় কার্যক্রম সরেজমিনে পরিদর্শন।



চিত্র-২: নির্মাণাধীন পায়রা নদীর উপর সেতু নির্মাণ প্রকল্পের কর্মকর্তা, পরামর্শক প্রতিষ্ঠান ও ঠিকাদারি প্রতিষ্ঠানের কর্মকর্তাদের সাথে মতবিনিময় সভা ও দিকনির্দেশনা প্রদান।



CamScanner